

“সুস্থ শ্রমিক, শোভন কর্মপরিবেশ;
গড়ে তুলবে স্মার্ট বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপ-মহাপরিদর্শকের দপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, ময়মনসিংহ
www.dife.mymensingh.gov.bd

নম্বর: ৪০.০১.৬১০০.০০১.৯৯.০০২.২০.১৪২

১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০২ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: কর্মক্ষেত্রে আরামদায়ক তাপমাত্রা ও বিশুদ্ধ ঠান্ডা পানি সরবরাহ নিশ্চিতকরণ সংক্রান্ত বিধি বিধান প্রতিপালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে তীব্র দাবদাহ অব্যাহত রয়েছে। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৫২(২) অনুসারে প্রত্যেক কর্মক্ষেত্রে এমন তাপমাত্রা বজায় রাখিবার উপযুক্ত ব্যবস্থা রাখিতে হইবে যেন কর্মরত শ্রমিক/কর্মচারীগণ আরামে কাজ করিতে পারেন এবং তাহাদের স্বাস্থ্যহানী রোধ হয় ও ৫৮(৩) ধারা, তদ্বিতীয় বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ৫০(৬) মোতাবেক যে প্রতিষ্ঠানে সাধারণত ২৫০ (দুইশত পঞ্চাশ) জনের অধিক শ্রমিক কাজ করিয়া থাকেন উহার প্রতিটিতে প্রতি বৎসর ১ এপ্রিল হইতে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত শ্রমিকের ক্যান্টিন, খাবার ঘর এবং বিশ্রাম ঘরে পানি সরবরাহ করা হয় উহা পানি ঠান্ডাকরণ যন্ত্র অথবা অন্য কোন কার্যকর পন্থায় ঠান্ডা করিয়া সরবরাহ করিবার বিধান রয়েছে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে প্রয়োজ্য ক্ষেত্রে উল্লিখিত ধারা ও বিধির যথাযথ বাস্তবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২-০৫-২০২৪
আহমদ মাসুদ
উপ-মহাপরিদর্শক
০৯১-৬২৫৫৬

dig.mymensingh1@gmail.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ;
- ৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ;
- ৪। সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ময়মনসিংহ;
- ৫। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৬। সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ময়মনসিংহ (বিষয়টি প্রচারের অনুরোধসহ);
- ৭। সকল শ্রম পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ময়মনসিংহ (নিজ নিজ কর্ম এলাকার কারখানা/প্রতিষ্ঠানসমূহে বিতরণের জন্য) এবং
- ৮। অফিস কপি।

